যুগান্তর

তারিখ 12 NOV 2017
পৃষ্ঠা 2 কলাম 6

যবিপ্রবির ভর্তি পরীক্ষা

# অধিকাংশ শিক্ষার্থীই ফেল

যশোর ব্যুরো

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষেও স্নাতক (ইঞ্জি./সম্মান) প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার সব ইউনিটের ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলাফলে ৬টি ইউনিটে অধিকাংশ শিক্ষার্থী ফেল করেছেন। শনিবার ভিসি অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন। যবিপ্রবিতে এ বছর সাতটি অনুষদের ৭৯৫টি আসনের বিপরীতে ছয়টি ইউনিটে ৩৮ হাজার ২৩৯ জন পরীক্ষার্থী আবেদন করেন। 'এ' ইউনিটে ২৫০টি আসনের বিপরীতে ১২ হাজার ৯৫৪ জন ভর্তি পরীক্ষার্থী আবেদন করেন। তাদের মধ্যে পাস করেছেন ১২০৯ জন। 'এ' ইউনিটের পাসের হার প্রায় ১৩ শতাংশ। 'বি' ইউনিটে ১৬০টি আসনের বিপরীতে ১১ হাজার ৯৫৭ জন আবেদন করেন। পাস করেছেন ৪ হাজার ৭৪৫ জন। 'বি' ইউনিটের পাসের হার প্রায় ৫০ শতাংশ। 'সি' ইউনিটে ২০৫টি আসনের বিপরীতে ৮ হাজার ৩৪০ জন আবেদন করেন। পাস করেছেন ১৫২৮ জন। 'সি' ইউনিটের পাসের হার প্রায় ২২ শতাংশ।